

- অথবা'
৪. 'অবিচ্ছেদ্য কারাগারে চিরস্তন' বলিহোরে জন্য 'নির্মম নির্মাতার' কাছে  
অভিযোগ জানালেও 'বন্দীর বন্দনা' কবিতায় পরে বলা হয় 'তোমার  
ক্রটিরে আমি আপন সাধনা দিয়া করেছি শোধন।' তুমি কি একে  
স্ববিরোধিতা বলবে? ১০
৫. আর্টসমাজের দিকে আড়চোখে তাকিয়ে বহুজনের বিপন্নি নিয়ে ব্যক্তিগত  
বিষাদ-ব্যসন--সে বিষাদ যদি সৎও হয়—এক তেতো মনখারাপ ছাড়া  
আর কীই বা দিতে পারে? সমর সেনের কবিতা বিষয়ে এই মন্তব্য কি  
তুমি মানবে? তোমার পড়া কবিতাগুলির ভিত্তিতে এ বিষয়ে তোমার  
স্পষ্ট মত জানাও। ১০
- অথবা'
৬. কখনও প্রত্যয়, আর কখনও সংশয়—'শব্দ' নিয়ে অরূণ মিত্রের এই আতুর  
দোটানাকে তুমি কীভাবে পড়বে? তোমার পড়া প্রাসঙ্গিক কবিতাগুলির  
ভিত্তিতে মন্তব্যটি বিচার করো। ১০
- অথবা'
৭. অলোকরঞ্জন দাশগুপ্তের কবিতায় 'নাস্তি' বা অমঙ্গলবোধের স্বরূপ কীভাবে  
ধরা দেয়, বুঝিয়ে দাও। ১০
- অথবা'
৮. কবি ও কবিতা সম্পর্কে নানা প্রথাগত ধারণাকে নস্যাই করে সুনীল  
গঙ্গোপাধ্যায় তাঁর কবিতায় কবিতার এক স্বতন্ত্র দর্শন গড়ে তুলতে চান।  
তোমার পড়া কবিতা অবলম্বনে বিষয়টি বুঝিয়ে নেখো। ১০

### কলাস্নাতক অন্ত্য সিমেস্টার পরীক্ষা, ২০১৭

(তৃতীয় বর্ষ, ষষ্ঠি সিমেস্টার)

বাংলা

বিশ শতকের বাংলা কবিতা

কোর্স ইউ.জি. - ৬.১

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. 'অকারণ বিশেষণের ছড়াছড়ি, প্রকৃতি বর্ণনার বাড়াবাড়ি, ছন্দ-মিলের  
অতিপ্রকট চাতুর্য...সর্বোপরি কবি তখন ছিলেন সম্পূর্ণই আত্মকেন্দ্রিক।'  
বিশ শতকের প্রথম দিকের কবিতা প্রসঙ্গে বুদ্ধিদেব বসু যে মুদ্রাদোষগুলির  
উল্লেখ করেন, তোমার কবিতা পড়ার অভিজ্ঞতায় তা কতটা যথাযথ  
বলে মনে হয়, আলোচনা করো। ১০

অথবা'

২. 'ভক্তরা বলে, 'নবযুগ রবি/যুগের না হই হজুগের কবি'—'হজুগের কবি'  
এই কৈফিয়ত কি নজরঞ্জনের কবিতাকে পড়ার জন্য যথেষ্ট বলে তোমার  
মনে হয়? ১০

৩. 'বনলতা সেন', 'শাক্ষতি' আর 'ঘোড়সওয়ার'—প্রেমের কবিতা হিসেবে  
কোনটি পড়তে তোমার বেশি ভালো লেগেছে? কেন? ১০